

ফুড থার্মোমিটার ব্যবহার
করা হল আপনার খাবারের
প্রয়োজনীয় তাপমাত্রা জানার

একমাত্র নিশ্চিত উপায়—তা আপনি
রাগ্না করুন, ঠান্ডা করুন, আবার গরম
করুন বা রেখে দিন যাই করুন না করেন।
খাদ্য সেবার কর্মীদের নিশ্চিত করতে হবে
যে থার্মোমিটারে মাপা তাপমাত্রা নির্ভুল
এবং যদি না থাকে, তাহলে থার্মোমিটার
সামঞ্জস্য করুন বা বদলে দিন।

**এই প্রক্রিয়াকে ক্যালিব্রেশন
বলা হয়।**

সঠিক তাপমাত্রা জানতে থার্মোমিটার
প্রতিদিন ক্যালিব্রেট করা আবশ্যিক।
খুব বেশি তাপমাত্রার পরিবর্তনের পর
থার্মোমিটার ক্যালিব্রেট করা আবশ্যিক
(যেমন প্রথমে গরম খাবারের তাপমাত্রা
মাপার পর জমে যাওয়া খাবার বা
থার্মোমিটারের পারদ নেমে যাওয়ার পর)।
সমস্ত ক্যালিব্রেট করা থার্মোমিটার অবশ্যই
2 ডিগ্রির (2 ডিগ্রি প্লাস বা মাইনাস) মধ্যে
নির্ভুল হবে।

**থার্মোমিটার
ক্যালিব্রেশন
গাইড**



প্রচলিত বেশিরভাগ ফুড থার্মোমিটার হল ডিজিট্যাল দণ্ডের ও ডায়াল দণ্ডের।

ডিজিট্যাল দণ্ডের থার্মোমিটার বেশি ব্যবহৃত হয় কারণ এতে দ্রুত তাপমাত্রা মাপা হয় এবং পাতলা ও মোটা খাবারের (যেমন মাংসের মোটা টুকরো বা সস থাকা শ্যালো প্যান) জন্য ব্যবহার করা যেতে পারে।

ডায়াল দণ্ডের থার্মোমিটার

দিয়ে তাপমাত্রা মাপতে সময় বেশি লাগে এবং খাবারের গভীরে ঢোকাতে হয় (সেন্সরি টোল পর্যন্ত), পাতলা খাবারের তাপমাত্রা ভালোভাবে মাপা যায় না।

বরফের জল/পানি বা বয়েলিং পয়েন্ট পদ্ধতি ব্যবহার করে থার্মোমিটার ক্যালিব্রেট করা আবশ্যিক।

বরফের জল/পানি হল আরও প্রচলিত এবং বরফ অনুপলভ্য না হওয়া পর্যন্ত ব্যবহার করতে হবে। মনে রাখবেন যে বেশিরভাগ ডিজিট্যাল দণ্ডের থার্মোমিটার ক্যালিব্রেট করা যায় না এবং ক্যালিব্রেশনের জন্য প্রস্তুত কর্তার কাছে পাঠানো আবশ্যিক।

যাই হোক না কেন, আপনাকে প্রতিদিন নিয়মিতভাবে চেক করতে হবে যে আপনি এইসব পদ্ধতির যেকোনো একটি ব্যবহার করে আপনার থার্মোমিটার সঠিক তাপমাত্রা দেখাচ্ছে কিনা তা দেখেন।


বরফের পানি/জলের পদ্ধতি

পানি/জল একটা গভীর পাত্রে রেখে বরফ টুকরো ফেলুন যাতে পরিমাণ 50-50 হয়, এরপর পাত্র পূরণ করতে সাফ পানি/জল দিয়ে নাড়তে থাকুন।

30 সেকেন্ডের জন্য ইন্ডিকেটর নড়া থামা বন্ধ না করা পর্যন্ত থার্মোমিটারের দণ্ড (ডায়াল স্টেম থার্মোমিটারের সেন্সরি টোল সহ) সাবমার্জ করুন। নজর রাখবেন যাতে দণ্ড পাত্রের পাশ বা নিচে স্পর্শ না করে।

তাপমাত্রা **32 F (0 C)** কিনা তা চেক করুন।

- যদি **32 F (0 C)** না হয় এবং থার্মোমিটারে ক্যালিব্রেশন নাট থাকে তাহলে: পাত্র থেকে দণ্ডটি বের করবেন না এবং 32 F (0 C) না হওয়া পর্যন্ত নাট ঘোরান।
- যদি **32 F (0 C)** না হয় এবং থার্মোমিটারে ক্যালিব্রেশন নাট না থাকে তাহলে: রিসেট বোতাম টিপুন বা ব্যাটারি পাল্টান এবং আবার পরীক্ষা করুন বা থার্মোমিটার বদলান।



বয়েলিং পয়েন্ট পদ্ধতি

একটা গভীর পানি/জলের পাত্র ফুল রোলিং বয়েলে নিয়ে আসুন।

30 সেকেন্ডের জন্য ইন্ডিকেটর নড়া থামা বন্ধ না করা পর্যন্ত থার্মোমিটারের দণ্ড (ডায়াল স্টেম থার্মোমিটারের সেন্সরি টোল সহ) সাবমার্জ করুন। নজর রাখবেন যাতে দণ্ড পাত্রের পাশ বা নিচে স্পর্শ না করে।

তাপমাত্রা **212 F (100 C)** কিনা তা চেক করুন।

- যদি **212 F (100 C)** না হয় এবং থার্মোমিটারে ক্যালিব্রেশন নাট থাকে তাহলে: পাত্র থেকে দণ্ডটি বের করবেন না এবং 212 F (100 C) না হওয়া পর্যন্ত নাট ঘোরান।
- যদি **212 F (100 C)** না হয় এবং থার্মোমিটারে ক্যালিব্রেশন নাট না থাকে তাহলে: রিসেট বোতাম টিপুন বা ব্যাটারি পাল্টান এবং আবার পরীক্ষা করুন বা থার্মোমিটার বদলান।

